দৈনিক ইত্তেফাক

১৪/১০/২০০৩

তারিখ ...
পৃষ্ঠা ৩ কলাম ৫

# রংপুর পালটেকানক হনাস্টাটডটের ২টি ছাত্রাবাস ৪ বছর ধরিয়া বন্ধ ॥ শিক্ষার্থীদের আবাসিক সংকট

রংপুর সংবাদদাতা ॥ একদল ছাত্রের সন্ত্রাসী কর্মকাণ্ডের ফলে রংপুর পলিটেকনিক ইনষ্টিটিউটের দুইটি ছাত্রাবাস গত চার বছর ধরিয়া বন্ধ রহিয়াছে। ইহার ফলে পাঁচ শতাধিক ছাত্র-ছাত্রী আবাসিক সংকটে পড়িয়াছে। ঐদিকে ছাত্রাবাস বন্ধ থাকায় সুযোগে চোরের দল রাতের অন্ধকারে লক্ষ লক্ষ টাকার মালামাল চুরি করিয়া লইয়া যাইতেছে। ছাত্রাবাস দুইটি সংস্কার, মেরামত করার জন্য শিক্ষা মন্ত্রণালয়ে চিঠি পাঠাইয়াও কাজ হয় নাই।

৯৭ সালের ১৬ই জুন নকল ধরার ঘটনাকে কেন্দ্র করিয়া সন্ত্রাসীরা ম্যাজিষ্ট্রেট, পুলিশকে জিম্মি করিয়া ইনষ্টিটিউটের ৫টি বিভাগ, ছাত্রাবাস, শিক্ষক কোয়ার্টারে হামলা চালাইয়া অগ্নিসংযোগ, লুটপাট করে। ইহার ফলে প্রায় ১ কোটি টাকার সম্পদ বিনষ্ট হয়। ব্যাপক ধ্বংসলীলার কারণে ছাত্রাবাস দুইটি আর চালু করা সম্ভব হয় নাই। কলেজ সূত্রে প্রকাশ, ছাত্রাবাস দুইটি বন্ধ থাকার কারণে আবাসিক সমস্যা তীব্র আকার ধারণ করিয়াছে। ৫টি বিভাগে যে ধরনের প্রশিক্ষণ সামগ্রী থাকার কথা তাহাও নাই। ফলে প্রাকটিক্যাল ক্লাস চালান যাইতেছে না। এই প্রতিষ্ঠানে শিক্ষার মান ও প্রাকটিক্যাল ক্লাস করার যে যন্ত্রপাতি ছিল তাহা একটি ইঞ্জিনিয়ারিং কলেজের সমমানের। ঐ সময় ইনষ্টিটিউটকে ইঞ্জিনিয়ারিং কলেজে রূপান্তরের প্রক্রিয়া চলিতেছিল। ধ্বংসাত্মক কার্যকলাপের ফলে তাহা বাস্তবায়ন করা হয় নাই। সন্ত্রাসীরা প্রতিষ্ঠানের টেলিযোগাযোগ ব্যবস্থার যন্ত্রপাতিসহ অন্যান্য বিভাগের যন্ত্রাংশ, মালামাল লুট করার ফলে শিক্ষার্থীদের অপূরণীয় ক্ষতি হইতেছে। গত চার বছর ধরিয়া অসংখ্য চিঠি চালাচালির পরও কোন অর্থ বরাদ্দ না পাওয়ায় শিক্ষা কার্যক্রম ব্যাহত হইতেছে।